

২০২২

বাংলা

(সাধারণ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-2

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) : গদ্যের বিকাশ,  
সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ১০-১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।]

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) ফোর্ট উইলিয়াম কলেজের দু'জন লেখকের দুটি গ্রন্থের নাম প্রকাশকাল-সহ লেখো।
- খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত একটি মৌলিক গ্রন্থ ও একটি অনুবাদ গ্রন্থের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।
- গ) 'লোকসাহিত্য' ও 'সাহিত্যের পথে' — প্রবন্ধ দুটির রচয়িতা কে? প্রবন্ধ দুটির প্রকাশকাল লেখো।
- ঘ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর রচিত শ্রেষ্ঠ কাব্যগ্রন্থের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।

- ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের ঐশ্বর্য পর্বের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- চ) 'বিদ্রোহী কবি' কাকে বলা হয়? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম লিপিবদ্ধ করো।
- ছ) ঔপন্যাসিকদের নাম লেখো :  
পথের দাবী, দেবী চৌধুরানী, ঘরে বাইরে, বিষবৃক্ষ।
- জ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ঐতিহাসিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।
- ঝ) ছোটগল্পকারদের নাম লেখো :  
তারিণী মাঝি, পুঁইমাচা, প্রাগৈতিহাসিক, জলসাঘর।
- ঞ) বাংলায় প্রথম দৈনিক সংবাদপত্র কোন্টি? প্রকাশকাল সহ সম্পাদকের নাম লেখো।
- ট) নাট্যকারদের নাম লেখো :  
চৈতন্যলীলা, নুরজাহান, মুক্তধারা, শর্মিষ্ঠা।
- ঠ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক সাংকেতিক নাটকের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।
- ড) ধর্ম > ধম্ম > ধাম — এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে? এই ধ্বনি পরিবর্তন বাংলা ভাষার কোন্ বাংলার কালসীমায় দেখা যায়?
- ঢ) রাঢ়ী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ণ) শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ দেখাও।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$
- ক) বাংলা গদ্যের জনক কাকে বলা হয়? তাঁর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

- খ) বাংলা সাহিত্যে মাইকেল মধুসূদন দত্তের কাব্যপ্রতিভার পরিচয় দাও।
- গ) টীকা লেখো (যে-কোনো দুটি) :  
সবুজপত্র, সখবার একাদশী, বনলতা সেন, পল্লীসমাজ।
- ঘ) ছোটগল্পকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।
- ঙ) উদাহরণসহ সাধু ও চলিত ভাষার পার্থক্য বুঝিয়ে দাও।
- চ) টীকা লেখো (যে-কোনো দুটি) :  
অভিশ্রুতি, বর্ণবিপর্যয়, স্বরভঙ্গি, নাসিকীভবন।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- ক) বাংলা প্রবন্ধ সাহিত্যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
- খ) বাংলা পৌরাণিক নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।
- গ) বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব বুঝিয়ে দাও।
- ঘ) কালসীমা উল্লেখ করে প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
-